

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১  
গাইড হাউস (৭ম ও ১০মতলা), নিউ বেইলীরোড, ঢাকা।  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০২১.২১.৫৭৩

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন মিরদী ফাযিল মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব মো: মাহফুজুর রহমান (ইনডেক্স নং-D২০১০৭৭৮) এর প্রার্থিত পদবী সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর স্মারক নং-ইউএসইও/পাকুঃ/কিশোর/২০২১/১০০; তারিখ: ২২.০৮.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০৩.২০-২৩২; তারিখ: ০৫.১০.২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন মিরদী ফাযিল মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব মো: মাহফুজুর রহমান (ইনডেক্স নং-D২০১০৭৭৮) এর এমপিও শীটে পদবী সংশোধনের আবেদন সূত্রোক্তি (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ)-মাশিঅ এবং জনাব নাজনীন সুলতানা, সহকারী পরিচালক (অডিট ও আইন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মো: মাহফুজুর রহমান এর পদবী LEC মুদ্রিত আছে কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী AP উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ৬ উল্লেখ আছে যা সহকারী অধ্যাপক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী AP মর্মে জনাব লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ)-মাশিঅ এবং জনাব নাজনীন সুলতানা, সহকারী পরিচালক (অডিট ও আইন), এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত পদবী LEC এর স্থলে AP সংশোধনের জন্য আবেদন করেছেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী LEC এর স্থলে AP সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন মিরদী ফাযিল মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব মো: মাহফুজুর রহমান (ইনডেক্স নং-D২০১০৭৭৮) এর প্রার্থিত পদবী LEC এর স্থলে AP সংশোধন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মাহফুজুর রহমান (ইনডেক্স নং-D২০১০৭৭৮) এর তথ্য এবং প্রার্থিত পদবী নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী	প্রার্থিত পদবী	মন্তব্য
০১	জনাব মো: মাহফুজুর রহমান, সহকারী অধ্যাপক (ইনডেক্স নং-D২০১০৭৭৮) মিরদী ফাযিল মাদ্রাসা পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	২৬/০৭/২০০৪ খ্রি.	পদবী- LEC	পদবী- AP	এমপিও শীটে বিদ্যমান পদবী- LEC এর স্থলে আবেদনকারীর প্রার্থিত পদবী- AP সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মাহফুজুর রহমান, সহকারী অধ্যাপক (ইনডেক্স নং-D২০১০৭৭৮) এর পদবী LEC এর স্থলে AP সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তহরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া

দাবি করতে পারবে না।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ১০ ফর্দ।



১৭-২-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,  
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০২১.২১.৫৭৩/১(৭)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮  
১৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৫) সভাপতি/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), মিরদী ফাযিল মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৬) জনাব মো: মাহফুজুর রহমান, সহকারী অধ্যাপক (ইনডেক্স নং-D২০১০৭৭৮) মিরদী ফাযিল মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৭) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



১৭-২-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)